গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
চাটখিল, নোয়াখালী।
www.dss.chatkhil.noakhali.gov.bd

**স্মারকনম্বর: ৪১.০১.৭৫১০.০০০.০০০.১১.০০০১.২৬. ২৬২** **তারিখঃ ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ**

**তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করণ সংক্রান্ত পুনঃ বিজ্ঞপ্তি**

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সামাজিক নিরাপত্তা অধিশাখা, ঢাকা এর স্মারক নম্বর ৪১.০১.০০০০.০০৮.১৮.০১৯.২৬.৬৪৫ তাং- ২৫/০৭/২০২৬খ্রিঃ মূলে সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত "ফ্যামিলি কার্ড" বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করার নিমিত্ত আবেদন গ্রহণ ও পরীক্ষা অনুষ্ঠানের সময়সীমা সম্পর্কে নিম্নরুপ জরুরী নির্দেশনা জারি করা হয়েছে। এমতাবস্থায় উক্ত স্মারক মূলে:

**০১. আবেদনের সময়সীমা বৃদ্ধি :** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদের জন্য আবেদনপত্র গ্রহণের সময়সীমা আগামী ২৮ জুলাই ২০২৬ খ্রি: বেলা ১২ ঘটিকা পযন্ত বৃদ্ধি করা হলো।

০২. আবেদন প্রক্রিয়া: যাহারা ইতোপূর্বে আবেদন করেছেন এবং পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

০৩. উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে (শুমারি সময়ের জন্য) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | আবেদনের যোগ্যতা | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী বা জরিপকারী | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর (শুমারী তারিখে)<br>গ) ট্যাবলেট/ স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীল ভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীক ভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদুর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা<br>ঘ) স্থানীয় ভাষায় দক্ষ | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি) |
| **ক্রম** | **কাজের ধরণ** | **আবেদনের যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় ডকুমেন্টস** |
| ০২ | সুপারভাইজার | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান<br>খ) বয়স : ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব এ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নাম্বার<br>ঘ) তথ্যসংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা।<br>চ) দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব পালন। | ক) প্রতিটি গণনা এলাকা শারীরিক ভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা লিংক ও আপডেট | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি) |

| | | | ডেটা লিংক ও আপডেট | | |
|---|---|---|---|---|---|

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, চাটখিল, নোয়াখালী হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইটে www.dss.chatkhil.noakhali.gov.bd ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ওয়েবসাইটে www.chatkhil.noakhali.gov.bd পাওয়া যাবে এবং ২৮ জুলাই ২০২৬ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, উক্ত সময়ের পরে কোন ধরনের আবেদন গ্রহণ করা হবে না।

| ব্যবহারিক পরীক্ষার সময় | শর্তাবলী |
|---|---|
| ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে। | ১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।<br>২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।<br>৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।<br>৫) ট্যাবলেট যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে । অবহেলায় ক্ষতি হলে ক্ষতি পূরণ প্রযোজ্য<br>৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরুপে রক্ষা বাধ্যতামূলক<br>৭) ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।<br>৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।<br>৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে। |

২৫/০৭/২০২৬

মিজানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
চাটখিল, নোয়াখালী

**স্মারকনম্বর: ৪১.০১.৭৫১০.০০০.০০০.১১.০০০১.২৬.** **তারিখঃ ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ**

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, নোয়াখালী-১
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৩। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড কর্মসূচি, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৪। পরিচালক, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম
৬। জেলা প্রশাসক, নোয়াখালী
৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
৯। জনাব/বেগম ......................................সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়ন কমিটি, চাটখিল, নোয়াখালী
১০। উপজেলা আইসিটি অফিসার, চাটখিল, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধ সহ)
১১। চেয়ারম্যান (সকল), ........................................ইউনিয়ন পরিষদ, চাটখিল, নোয়াখালী
১২। ফিল্ড সুপারভাইজার/ ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, চাটখিল, নোয়াখালী
১৩। অফিস কপি

২৫/০৭/২৫

মোঃ আলী হোসাইন
**উপজেলা সমাজসেবা অফিসার**
**ও**
**সদস্য সচিব**
**ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি**
**চাটখিল, নোয়াখালী**
**মোবাইলঃ ০১৮১১২১০৯৭৮**